

# প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট গঠন

অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত দরিদ্র, মেধাবী ছাত্রছাত্রীদের শিক্ষা নিশ্চিত করার নিমিত্তে দেশের সকল স্কুল/কলেজ/মাদ্রাসায় অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের জন্য একটি 'ট্রাস্ট ফান্ড' গঠনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০/৪/২০১০ খ্রি. তারিখে পরিকল্পনা মন্ত্রণালয়কে একটি লিখিত নির্দেশনা প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রণীত 'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১১' গত ১২/১২/২০১১ খ্রি. তারিখে মন্ত্রিসভার চূড়ান্ত অনুমোদন লাভ করে। ১১/০৩/২০১২ খ্রি. তারিখে নবম জাতীয় সংসদের দ্বাদশ অধিবেশনে "প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট বিল, ২০১২" পাস হয়। সংবিধানের ৮০(২) অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাষ্ট্রপতি ১৪ মার্চ, ২০১২ খ্রি. তারিখে উক্ত বিলে সদয় সম্মতি জ্ঞাপন করেন এবং ঐ তারিখেই 'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২' বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়।

ট্রাস্ট আইনের ৭(১) উপ-ধারার বিধান অনুযায়ী ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট ট্রাস্ট এর একটি উপদেষ্টা পরিষদ গঠন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান। এ আইনের ৮(১) উপ-ধারা অনুযায়ী ২৩ (তেইশ) সদস্যবিশিষ্ট একটি 'ট্রাস্টি বোর্ড' গঠন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ট্রাস্টি বোর্ডের সভাপতি।

## প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর কার্যাবলি

ক. ষষ্ঠ শ্রেণি থেকে স্নাতক/সমমান পর্যন্ত দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের বিনা বেতনে শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টি ও উপবৃত্তি প্রদান;
খ. ট্রাস্ট ফান্ডের জন্য অর্থ সংগ্রহ, সংরক্ষণ ও বিনিয়োগ;
গ. সুবিধাভোগী নির্বাচনের মানদণ্ড নির্ধারণ এবং সুবিধাভোগী নির্বাচনের লক্ষ্যে কমিটি গঠন;
ঘ. উপবৃত্তির হার ও পরিমাণ নির্ধারণ;
ঙ. ট্রাস্ট এর সকল স্থাবর-অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও হেফাজতকরণ;
চ. বোর্ডের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের নিমিত্ত বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণসহ যাবতীয় কার্যক্রম গ্রহণ এবং এতদ্‌বিষয়ে কারিগরি কমিটি গঠন;
ছ. ট্রাস্টি বোর্ড কর্তৃক ট্রাস্ট ফান্ড গবেষণা কার্যক্রম পরিচালন;
জ. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের ট্রাস্ট ফান্ড সংক্রান্ত কাজে সম্পৃক্তকরণ;
ঝ. শিক্ষা কার্যক্রমে সরকারি/বেসরকারি সংস্থা ও সমাজের বিত্তশালীদের সম্পৃক্ত করা;
ঞ. শিক্ষার্থী ঝরে পড়া রোধসহ সকল পর্যায়ে শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণ।

## ট্রাস্ট এর তহবিল

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২ এর আওতায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এ স্থায়ী তহবিল হিসাবে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে অর্থ মন্ত্রণালয় থেকে সিডমানি হিসেবে ১০০০ (এক হাজার) কোটি টাকা পাওয়া যায়।

## ট্রাস্ট এর স্থায়ী তহবিলের বিবরণ

২০১১-২০১২ অর্থবছরে অর্থ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত সিডমানি ১০০০.০০ (এক হাজার কোটি) টাকা, যা পাঁচটি তফসিলি ব্যাংকে এফডিআর হিসেবে রাখা আছে।

## তহবিল হতে লভ্যাংশ/সুদ প্রাপ্তি

| অর্থবছর | লভ্যাংশ/সুদ প্রাপ্তি (টাকা) |
|---|---|
| ২০১২-২০১৩ | ১০৪.১৬ কোটি |
| ২০১৩-২০১৪ | ২৩.১২ কোটি |
| ২০১৪-২০১৫ | ১২৯.৯৭ কোটি |
| ২০১৫-২০১৬ | ৯৪.৬৫ কোটি |

বর্তমানে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর এফডিআরকৃত টাকার পরিমাণ ১১৫৯,৩৯,১৮,৭৬০.০০ টাকা। ব্যাংকে সঞ্চয়ী হিসেবে রক্ষিত মোট টাকার পরিমাণ ৩৯,৪০,৮৮,৩৩৯.০০ টাকা। মোট স্থিতির পরিমাণ ১১৯৮,৮০,০৭,১০০.০০ (এক হাজার একশত আটানব্বই কোটি আশি লক্ষ সাত হাজার একশত) টাকা।

## উপদেষ্টা পরিষদ সভা


মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ১৩/৩/২০১৩ খ্রি. তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ট্রাস্ট এর উপদেষ্টা পরিষদের প্রথম এবং ০৫/৪/২০১৫ খ্রি. তারিখে ২য় সভা অনুষ্ঠিত হয়।



*৫ এপ্রিল, ২০১৫ খ্রি; তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর সভাপতিত্বে ট্রাস্ট এর উপদেষ্টা পরিষদের ২য় সভা*

## ট্রাস্টি বোর্ড সভা

মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ০২/৫/২০১৩ খ্রি. তারিখে শিক্ষা মন্ত্রণালয়ে ট্রাস্টি বোর্ডের প্রথম সভা, ১১/০৬/২০১৪ খ্রি. তারিখে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সম্মেলন কক্ষে দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়। ট্রাস্টি বোর্ড এর তৃতীয় সভা ১২/০১/২০১৫ খ্রি. তারিখে মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয়ে এবং চতুর্থ সভা ১২/১০/২০১৫ খ্রি. তারিখে মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর সভাপতিত্বে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।



*প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত ট্রাস্টি বোর্ডের চতুর্থ সভা*

## প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর অফিস ভবন উদ্বোধন

১১ জুন ২০১৪ খ্রি. তারিখে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কার্যালয়ের আনুষ্ঠানিকভাবে শুভ উদ্বোধন করেন মাননীয় শিক্ষা মন্ত্রী জনাব নূরুল ইসলাম নাহিদ, এম.পি। উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব আবদুস সোবহান সিকদার, শিক্ষা সচিব ড. মোহাম্মদ সাদিক ও ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মো: নূরুল আমিন (অতিরিক্ত সচিব)।



*প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর উদ্বোধন*

## জনবল নিয়োগ ও প্রশিক্ষণ

যথাযথ নিয়োগ কমিটি এবং আউটসোর্সিং এর মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এ ১ জন ১ম শ্রেণির সহকারী প্রোগ্রামার, ১ জন ২য় শ্রেণির হিসাবরক্ষণ কর্মকর্তা, ৯ জন তৃতীয় শ্রেণির এবং ৯ জন চতুর্থ শ্রেণির কর্মচারী নিয়োগ প্রদান করা হয়েছে। ট্রাস্ট এর ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের জন্য অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।

## স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান প্রকল্প

শিক্ষা মন্ত্রণালয়ের অধীন পাঁচটি প্রকল্পের আওতায় দেশের ৬ষ্ঠ শ্রেণি থেকে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদান করা হচ্ছে। প্রকল্পসমূহের মেয়াদ শেষে দেশের ৬ষ্ঠ শ্রেণি থেকে স্নাতক ও সমমান পর্যায়ের সার্বিক উপবৃত্তি কার্যক্রম ট্রাস্ট এর অর্থে পরিচালিত হবে। বর্তমানে ট্রাস্ট এর অর্থে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান প্রকল্প চলমান রয়েছে, যার মেয়াদ জুলাই ২০১১ থেকে জুন ২০১৬ পর্যন্ত।

## ২০১২-২০১৩ অর্থবছরে উপবৃত্তি বিতরণ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ২০১২-২০১৩ অর্থবছরে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে ১,২৯,৮১০ জন ছাত্রীকে মোট ৭২.৯৫ (বাহাত্তর কোটি পঁচানব্বই লক্ষ) কোটি টাকা উপবৃত্তি প্রদান করা হয়। ৩০ জুন ২০১৩ খ্রিস্টাব্দে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ১৫ জন ছাত্রীকে সরাসরি উপবৃত্তি বিতরণের মাধ্যমে ট্রাস্ট এর উপবৃত্তি কার্যক্রমের শুভ উদ্বোধন করেন।

## ২০১৩-২০১৪ অর্থবছরে উপবৃত্তি বিতরণ

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় উপবৃত্তি প্রদান কার্যক্রমে ছাত্রীদের পাশাপাশি ছাত্রদেরও অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০১৩-২০১৪ অর্থবছরে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে ১৪,৬৭৭ জন ছাত্র এবং ১,৪৮,৪০২ জন ছাত্রীসহ মোট ১,৬৩,০৭৯ জন শিক্ষার্থীর মধ্যে ৯১,৬৫,০৩,৯৮০ (একানব্বই কোটি পঁয়ষট্টি লক্ষ তিন হাজার নয়শত আশি) টাকা উপবৃত্তি বাবদ বিতরণ করা হয়েছে। ২০১৫ খ্রিস্টাব্দের ২৬ এপ্রিল মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০ জন ছাত্রছাত্রীকে সরাসরি উপবৃত্তি প্রদান করেন এবং একই দিনে সারাদেশে একযোগে উপবৃত্তি বিতরণ করা হয়।



*মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ছাত্রছাত্রীদের উপবৃত্তি বিতরণ*

## ২০১৪-২০১৫ অর্থবছর

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ২০১৪-২০১৫ অর্থবছরে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের প্রায় ২,৩০,৭৮৮ জন ছাত্রছাত্রীর মধ্যে প্রায় ১৩০ কোটি টাকা উপবৃত্তি বিতরণ করার কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

## ২০১৪-২০১৫ অর্থবছরে বিশেষ আর্থিক সহায়তা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে একজন দরিদ্র মেধাবী শিক্ষার্থীকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বিশেষ আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

## দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক অনুদান

২০১৪-২০১৫ অর্থবছরে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান ও স্নাতক (পাস)/সমমান পর্যায়ে মোট ৯৯ জনকে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ২,৪১,০০০/- (দুই লক্ষ একচল্লিশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। ট্রাস্ট এর ওয়েবসাইট থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রাপ্তির জন্যে নীতিমালা অনুযায়ী আবেদন করতে পারবেন। ট্রাস্ট এর ওয়েবসাইটটি হল– www.pmedutrust.gov.bd

## দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান

২০১৩-২০১৪ অর্থবছরে গুরুতর আহত ০৬ জন দরিদ্র মেধাবী শিক্ষার্থীকে ৯৫০০০/- (পঁচানব্বই হাজার) টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। দুর্ঘটনার কারণে গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী এককালীন আর্থিক সহায়তা প্রাপ্তির জন্যে নীতিমালা অনুযায়ী ট্রাস্ট এর ওয়েবসাইট থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে আবেদন করতে পারবেন। ট্রাস্ট এর ওয়েবসাইটটি হল– www.pmedutrust.gov.bd

## 'শিক্ষার মানোন্নয়ন বিষয়ক' কর্মশালা

৭টি বিভাগে 'শিক্ষার মানোন্নয়ন বিষয়ক' কর্মশালা আয়োজন করা হয়েছে। বিভাগীয় পর্যায়ে আয়োজিত কর্মশালা থেকে প্রাপ্ত সুপারিশসমূহ শিক্ষা মন্ত্রণালয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে এবং প্রতিবেদন আকারে প্রকাশ করা হয়েছে।



*১৩ মে, ২০১৫ খ্রি: তারিখে ঢাকা বিভাগে অনুষ্ঠিত শিক্ষার মানোন্নয়নে করণীয় শীর্ষক কর্মশালা*

## 'শিক্ষার্থী ঝরে পড়া রোধে করণীয়' কর্মশালা


প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে শিক্ষার্থী ঝরে পড়ার কারণ ও তা রোধকল্পে করণীয় নির্ধারণের জন্যে বিভিন্ন জেলায় কর্মশালার আয়োজন করা হয়।



*২৯ মে, ২০১৫ খ্রিস্টাব্দে গোপালগঞ্জ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত 'ঝরে পড়া রোধে করণীয়' শীর্ষক কর্মশালা*

## শিক্ষার গুরুত্ব ও প্রধানমন্ত্রীর বাণী সম্বলিত পোস্টার

নারী শিক্ষার প্রসার, বাল্যবিবাহ রোধ তথা নারীর ক্ষমতায়ন ও শিক্ষা বিষয়ক এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাণী সম্বলিত পাঁচ রকমের ৩০ (ত্রিশ) হাজার পোস্টার ছাপানো হয়েছে এবং সারাদেশে বিতরণ করা হয়েছে।




*প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে প্রকাশিত কয়েকটি পোস্টার*

## বার্ষিক প্রতিবেদন প্রকাশ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়নের নিমিত্ত প্রতিবছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়।




*বার্ষিক প্রতিবেদন ২০১৪-২০১৫ এর প্রচ্ছদ*

## প্রযুক্তি ও অনলাইনভিত্তিক কার্যক্রম

'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট' এর অফিসে Internet Line সংযোগ নেয়া হয়েছে। www.pmedutrust.gov.bd নামে ট্রাস্ট এর একটি ওয়েবসাইট খোলা হয়েছে এবং যাবতীয় কার্যক্রম (Online) অনলাইনভিত্তিক করার প্রক্রিয়া অব্যাহত রয়েছে। এ লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i Programm এর সহযোগিতায় মত বিনিময় সভার আয়োজন করা হয়েছে।

## এগিয়ে যাচ্ছে বাংলাদেশ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে 'এগিয়ে যাচ্ছে বাংলাদেশ' শিরোনামে একটি সংকলন প্রকাশ করা হয়েছে যাতে স্বাধীন সার্বভৌম বর্তমান বাংলাদেশের সার্বিক উন্নতির চিত্র উপস্থাপন করা হয়েছে। তাছাড়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা, আর্থ-সামাজিক ও অন্যান্য ক্ষেত্রে সার্বিক অগ্রগতির উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে।




*এগিয়ে যাচ্ছে বাংলাদেশ প্রকাশনার প্রচ্ছদ*


## স্নাতক ও সমমান পর্যায়ে ভর্তির হার বৃদ্ধি

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর অর্থে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদানের ফলে শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের ভর্তির হার বৃদ্ধি পেয়েছে এবং ঝরে পড়ার হার হ্রাস পেয়েছে যা নিম্নের চিত্র ও সারণির মাধ্যমে উপস্থাপন করা হলঃ

**সারণি: শিক্ষাবর্ষ অনুযায়ী ছাত্র-ছাত্রী ভর্তি বৃদ্ধির হার**

| শিক্ষাবর্ষ | মোট ভর্তিকৃত ছাত্রী সংখ্যা | মোট ভর্তিকৃত ছাত্র সংখ্যা |
|---|---|---|
| ২০১১-২০১২ | ১,২৭,৯৮৩ জন | ১,৪৩,৬০৯ |
| ২০১২-২০১৩ | ১,৬৮,১১৬ জন | ১,৮১,৮৪২ |
| ২০১৩-২০১৪ | ১,৮৪,৯২৭ জন | ২,০০,০২৬ |

*সূত্র: স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান প্রকল্প, মাউশি, ঢাকা*




*স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের ভর্তি বৃদ্ধির হার*

২০২১ খ্রিস্টাব্দের মধ্যে বাংলাদেশকে উচ্চ মধ্যম-আয়ের দেশ এবং ২০৪১ খ্রিস্টাব্দে উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে 'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট' শিক্ষাসহ আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শিক্ষা ও রাষ্ট্রের সার্বিক উন্নয়নের লক্ষ্যে ট্রাস্ট বিভিন্ন পরিকল্পনা ও কৌশল নির্ধারণ করে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করছে। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্যে ভিজিট করুন www.pmedutrust.gov.bd


**মো: নূরুল আমিন**
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ও সদস্য সচিব, ট্রাস্টি বোর্ড
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ।


বাড়ী নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯।
ফোন: ০২-৮১৯১০১৩, ০২৮১৯২২০০, ফ্যাক্স: ০২-৮১৯১০১৯
ইমেইল: md_pmedutrust@yahoo.com